

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০০১.১৯-২৬১

তারিখঃ ০৭/০৩/২০১৯খ্রিঃ।

বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আপনি মোসাঃ খালেদা বেগম, অফিস সহায়ক, পাবনা পলিটেকনিক ইনস্টিটিউট, পাবনা। আপনি গত ২২/১১/২০১৮ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি অনুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন। পাবনা পলিটেকনিক ইনস্টিটিউট এর অধ্যক্ষ কর্তৃক গত ০১/১২/২০১৮ খ্রিঃ তারিখে স্মারক নং পাপই/প্রশা/১০০৭, ১২/১২/২০১৮ খ্রিঃ তারিখে স্মারক নং পাপই/প্রশা/১০৪৩ এবং ২৪/১২/২০১৮ খ্রিঃ তারিখে স্মারক নং পাপই/প্রশা/১০৭৩ মোতাবেক ৩ (তিন) বার কৈফিয়ত তলব করা হলেও আপনি কোনো জবাব দাখিল করেননি এবং প্রতিষ্ঠানে কোনরূপ যোগাযোগও করেননি। উক্ত ঘটনার প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০০১.১৯-৫২, তারিখঃ ১৫/০১/২০১৯খ্রিঃ মোতাবেক কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হলে আপনি কোন জবাব দাখিল করেননি।

যেহেতু, আপনার কর্মস্থলে অনুপস্থিতির কারণে একাডেমিক ও প্রশাসনিক কাজে ব্যাঘাত ঘটছে; এবং

যেহেতু, আপনার উক্ত আচরণ “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮” এর বিধি ৩ এর (খ) ধারা এবং বিধি ৩ এর (গ) ধারা মতে যথাক্রমে ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর সামিল যা শাস্তিযোগ্য অপরাধ।

সেহেতু, কেন আপনার বিরুদ্ধে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮” এর বিধি ৩ এর উপবিধি (খ) মোতাবেক ‘অসদাচরণ’ এবং বিধি ৩ এর উপবিধি (গ) মোতাবেক ‘পলায়ন’ এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে জানানোর জন্য ও লিখিত বক্তব্যের অতিরিক্ত হিসেবে ব্যক্তিগত শুনানী চান কিনা তাও নিম্নস্বাক্ষরকারী বরাবর জানানোর জন্য নির্দেশ দেয়া হলো।

স্বাক্ষরিত/-

(মোঃ মিজানুর রহমান)

অতিরিক্ত সচিব ও পরিচালক (পিআইডব্লিউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

বর্তমান ঠিকানাঃ

মোসাঃ খালেদা বেগম
অফিস সহায়ক
পাবনা পলিটেকনিক ইনস্টিটিউট, পাবনা।

স্থায়ী ঠিকানাঃ


স্বামীঃ মোঃ শাহ আলম মুধা
গ্রামঃ টাউন কালিকাপুর (চৌরাস্তা), পোঃ ডিসি কোর্ট বিল্ডিং
থানাঃ পটুয়াখালী, জেলাঃ পটুয়াখালী।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০০১.১৯-২৬১(৩)

তারিখঃ ০৭/০৩/২০১৯খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলঃ-

- ১। অধ্যক্ষ, পাবনা পলিটেকনিক ইনস্টিটিউট, পাবনা।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো।)
- ৩। সংশ্লিষ্ট নথি।


(নাজমুন নাহার)
সহকারী পরিচালক-৩
কারিগরি শিক্ষা অধিদপ্তর
ফোন-০২-৮১৮১২২৫